গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়
প্লট-ই-১৩/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

নং-০৩.০৭.২৬৬৬.৬৫১.২৪.০০১.১২-৭৬ তারিখঃ ০৯/০৪/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ মাসিক সমন্বয় সভা ও এনজিও পরিদর্শন প্রসংগে।

আপনি নিশ্চয় অবগত আছেন যে, দেশের সুবিধাবঞ্চিত দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়নে দেশী-বিদেশী বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থাসমূহ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। ছিন্নমূল, হতদরিদ্র মানুষের সার্বিক কল্যাণে সরকার কর্তৃক গৃহীত যাবতীয় উন্নয়ন কর্মকান্ডের সফল বাস্তবায়নে এনজিওসমূহ সরকারের উন্নয়ন সহযোগী হিসেবে অত্যন্ত গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। জেলার আর্থ-সামাজিক উন্নয়নে সরকারের প্রতিনিধি হিসেবে জেলা প্রশাসকগণ মুখ্য ভূমিকা পালন করে থাকেন। তাই বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থাসমূহের (এনজিওদের) কার্যক্রমের সমন্বয় বিধান এবং তদারকীর দায়িত্ব মাঠ প্রশাসনের উপর ন্যস্ত। এনজিও কার্যক্রমকে সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে আরো স্বচ্ছতা ও গতিশীলতা আনয়নের পাশাপাশি সময়োপযোগী কর্মপরিকল্পনা প্রণয়ন এবং প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে জেলা প্রশাসকগণ বলিষ্ঠ ভূমিকা পালন করতে পারেন বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত রূপকল্প ২০২১ এর সফল বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশকে ২০২১ সালের মধ্যে ক্ষুধা ও দারিদ্রমুক্ত মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত দেশ হিসেবে গড়ে তুলতে সরকার অঙ্গীকারাবদ্ধ। আর সরকারের এ উদ্যোগকে কাঙ্খিত পর্যায়ে নিয়ে যাওয়ার জন্য সরকারের উন্নয়ন পরিকল্পনার সংগে সংগতি রেখে বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থাসমূহ শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, পরিবার পরিকল্পনা, শিশু ও নারী অধিকার সুরক্ষা, খাদ্য নিরাপত্তা, মানবাধিকার, দারিদ্র বিমোচনসহ বিভিন্ন ক্ষেত্রে বহুবিধ উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করে যাচ্ছে।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন এনজিও বিষয়ক ব্যুরো তার পরিসেবার মান সম্প্রসারণ, সহজতর করা ও গতিশীলতা আনয়নের জন্য গত ০৭ জুলাই ২০১৭খ্রিঃ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাথে 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিআই)' স্বাক্ষর করেছে। এপিআই-তে ০৬টি প্যারামিটারে ২১টি কার্যক্রম পরিচালনা করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। তন্মধ্যে জেলা প্রশাসকগণ কর্তৃক এনজিওদের সাথে সভা ও পরিদর্শন অন্যতম কার্যক্রম। তদানুযায়ী জেলা প্রশাসকগণ এনজিওদের সাথে সভা ও এনজিও'র কার্যক্রম পরিদর্শন করে তার প্রতিবেদন ব্যুরোতে প্রেরণ করবেন এবং এনজিও বিষয়ক ব্যুরো তা প্রধানমন্ত্রীর কার্যালয়কে অবহিত করবে।

জেলা প্রশাসকগণ যেহেতু তাঁর জেলার উন্নয়ন কর্মকান্ডের সমন্বয়কারী হিসেবে এনজিওদের কাজের পরিবীক্ষণ ও মূল্যায়নের দায়িত্বপ্রাপ্ত; তাঁরা এনজিও কার্যক্রম সূচারুভাবে পরিচালনার ক্ষেত্রে যথাযথ ভূমিকা পালন করবেন-এটাই আমাদের প্রত্যাশা। এ ধরণের প্রচেষ্টা সরকার ও এনজিওদের মধ্যে পারস্পরিক সুসম্পর্ক প্রতিষ্ঠা করবে যা দেশের আর্থ-সামাজিক উন্নয়নে মাইল ফলক হয়ে থাকবে।

০৯।০৪।১৮

(কে, এম, আব্দুস সালাম)
মহাপরিচালক
E-mail:
salam_5395@yahoo.com

জেলা প্রশাসক
.................................
.................................
...............................

<u>সদয় অবগতির জন্য অনুলিপিঃ</u>

১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।